

💵 হজ্জ, উমরা ও যিয়ারত গাইড

বিভাগ/অধ্যায়ঃ যিয়ারতে মদিনা রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

মসজিদে কোবায় সালাত আদায়ের নিয়ম

মসজিদে কোবায় গিয়ে প্রবেশের সময় ডান পা আগে দেবেন। মসজিদে প্রবেশের দোয়া পড়বেন-

بِسْمِ اللهِ، والصَّلاَةُ وَالسَّلاَمُ عَلَى رَسُوْلِ اللهِ ، اللّهُمَّ اغْفِرْلِي ذُنُوْبِيْ وَافْتَحْ لِيْ أَبْوَابِ رَحْمَتِكَ .[1] মসজিদে প্রবেশ করে দু'রাকাত নফল সালাত আদায় করবেন। এ সালাতের আলাদা কোনো নিয়ত নেই। কেবল মনে মনে স্থির করবেন, আমি দু'রাকাত নফল সালাত আদায় করছি। সালাত শেষ হলে মসজিদ হতে বের হওয়ার দোয়া পড়ে বাঁ পা আগে দিয়ে বের হয়ে যাবেন। এখানে অন্য কোনো আমল নেই।

ফুটনোট

[1] - ইবনু মাজাহ : হাদিস নং (৭৭১) আলবানী এ হাদিসটি বিশুদ্ধ বলেছেন (দ্রঃ সহিহু সুনানি ইবনি মাজাহ ১/১২৮)

Source — https://www.hadithbd.com/books/link/?id=3551

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন